হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩২ ঃ মেহেরপুর-শুক্রবার ১৪ নভেম্বর ২০২৫ ইং ঃ ২৯ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২২ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



বিয়েরও একটা মেয়াদ থাকা উচিত: কাজল-পৃষ্ঠা-৩

## নির্বাচনের দিনই গণভোট জাতির উদ্দেশে প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আগামী জাতীয় সংসদ নির্বাচনের দিনই গণভোট আয়োজনের ঘোষণা দিয়েছেন। তিনি বলেন, একই দিনে নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হলে তা হবে সাশ্রয়ী, অংশগ্রহণমূলক ও উৎসবমুখর। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুর আড়াইটায় জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর স্বাক্ষরিত জুলাই সনদ বাস্তবায়নের লক্ষ্যে অন্তর্বর্তী সরকার 'জুলাই জাতীয় সনদ সংবিধান সংস্কার বাস্তবায়ন আদেশ ২০২৫' অনুমোদন করেছে। ভাষণের শুরুতেই প্রধান উপদেষ্টা বলেন, "জাতি অত্যন্ত গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে উপনীত হয়েছে। আমাদের সরকারের ওপর ন্যস্ত দায়িত্ব ছিল মূলত তিনটি– হত্যাকাণ্ডের বিচার করা, গণতান্ত্রিক ব্যবস্থায় উত্তরণের জন্য প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা, এবং সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করা।" তিনি জানান, জুলাই

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ

## ঠিকাদারদের মামলা ও লিগ্যাল নোটিশ, দুদকের অনুসন্ধান চলমান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী রাকিবুল আহসান-এর বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স সৈকত এন্টারপ্রাইজ তার বিরুদ্ধে লিগ্যাল নোটিশ প্রদান করেছেন। গত ১৩ অক্টোবর সুপ্রিম কোর্টের আইনজীবী মোঃ রেজাউল করীমের মাধ্যমে এ নোটিশ পাঠানো হয়। লিগ্যাল নোটিশে বলা হয়, গত ৮ সেপ্টেম্বর শিক্ষা প্রকৌশলীর কার্যালয় থেকে তিনটি দরপত্র আহ্বান করা হয়। তবে দরপত্র মূল্যায়নের নির্ণায়কগুলি আইনবহির্ভূত ও মনগড়া। সিপিটিইউ ও পিপিআর ২০০৬ ও ২০০৮-এর আদর্শ দলিলে এমন কোনো নির্ণায়ক নেই, সত্ত্বেও রাকিবুল আহসান তা উল্লেখ করেছেন। এর ফলে মেসার্স সৈকত এন্টারপ্রাইজ ব্যবসায়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অভিযোগে আরও বলা হয়েছে, পিপিআর ২০০৬ ও ২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়নের নিয়ম অমান্য করা হয়েছে। গাংনীর ঠিকাদার রানা অভিযোগ করেন, কাজের সময় বৃদ্ধি বা বিল পাওয়ার জন্য রাকিবুল আহসান নিয়মিত ৫০-৬০ হাজার টাকা ঘুষ দাবি করেন। তিনি বলেন, "তত্ত্বাবধায়ক ও প্রধান প্রকৌশলীর নাম ভাঙিয়ে প্রকৌশলী টাকা হাতিয়ে নেন।" স্থানীয় ঠিকাদাররা জানান, দীর্ঘদিন একই কর্মস্থলে থাকার কারণে রাকিবুল আহসান ক্ষমতার দাপটে কিছু ঠিকাদারের সঙ্গে যোগসাজশ করে দরপত্রের গোপন মূল্য ফাঁস করে দেন এবং কমিশন বাণিজ্যের মাধ্যমে কাজ পাইয়ে দেন। গত ১১ সেপ্টেম্বর ফার্নিচার ক্রয়ের টেন্ডারে সাতটি গ্রুপের কাজ থাকলেও ১০ জন ঠিকাদার অংশ নেন। রাকিবুল আহসান ৫ জন ঠিকাদারের মধ্যে কাজ ভাগ করে দেন। অভিযোগ রয়েছে, যারা কাজ পেয়েছিলেন তাদের সিমিলার অভিজ্ঞতা না থাকায় পরে ভুয়া কাগজপত্র তৈরি করা হয়। এতে মেহেরপুরের ঠিকাদারদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। অভিযোগ রয়েছে, রাকিবুল আহসান চাকরিতে যোগদানের পর থেকে নামে-বেনামে বিপুল সম্পদের মালিক হয়েছেন। চাপাইনবাবগঞ্জে দায়িত্বকালে তিনি রাজনৈতিক প্রভাব খাটিয়ে টেন্ডার ভাগাভাগি করতেন। নানা অভিযোগের কারণে ২০২৩ সালের ১৩ সেপ্টেম্বর তাকে মেহেরপুরে বদলি করা হয়। রাজশাহী দুর্নীতি দমন কমিশনের

২-এর পৃষ্ঠা দেখুন



দরপত্র আহ্বান করা হয়। তবে দরপত্র মূল্যায়নের নির্ণায়কগুলি আইনবহির্ভূত ও মনগড়া। সিপিটিইউ ও পিপিআর ২০০৬ ও ২০০৮-এর আদর্শ দলিলে এমন কোনো নির্ণায়ক নেই, সত্ত্বেও রাকিবুল আহসান তা উল্লেখ করেছেন। এর ফলে মেসার্স সৈকত এন্টারপ্রাইজ ব্যবসায়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।



তিন যুগ পর মেহেরপুরে রেড ক্রিসেন্ট জেলা ইউনিটের নির্বাচন সম্পন্ন

## বকুল-বিজন পরিষদ পূর্ণ প্যানেলের বিজয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বৃহস্পতিবার বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। প্রায় তিন যুগ পর অনুষ্ঠিত এ নির্বাচনে বকুল-বিজন পরিষদ পূর্ণ প্যানেলে বিজয় অর্জন করেছে। নির্বাচন প্রক্রিয়া সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চলেছে। মোট ৪৫২ জন ভোটারের মধ্যে ৩৪৭ জন ভোটাধিকার প্রয়োগ করেন। ৭টি পদের বিপরীতে দুটি প্যানেলে ১৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে সহ-সভাপতি পদে আলামিন ইসলাম বকুল ২৩৬ ভোট পেয়ে নির্বাচিত হন। তার প্রতিদ্বন্দ্বী নজরুল ইসলাম পান ১০৫ ভোট। সাধারণ সম্পাদক পদে অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন ২৫৬ ভোটে নির্বাচিত হন, তার প্রতিদ্বন্দ্বী মো. মিজানুর রহমান

২-এর পৃষ্ঠা দেখুন




## গণভোট আগে, নির্বাচন পরে হবে- মোবারক হোসেন

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য মোবারক হোসেন বলেছেন, দেশের মানুষ গণভোট আগে চায়, কিন্তু সরকার নির্বাচন ও গণভোট একসাথে করার পরিকল্পনা করছে। তিনি বলেন, "এ বিষয় নিয়ে আমাদের কর্মসূচি চলছে। আমাদের বিশ্বাস, সরকার বিষয়টি ভেবে দেখবে এবং নভেম্বরেই গণভোট ও নির্বাচনের প্রস্তুতি সম্পন্ন হবে।" গতকাল বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিযুক্ত ড. আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী হিসেবে ড. আলী রীয়াজকে নিয়োগ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে সই করেন মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদ। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, বিশেষ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে ড. আলী রীয়াজ উপদেষ্টার পদমর্যাদা, বেতন-ভাতা ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা পাবেন।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে গুণী ব্যক্তিদের সম্মাননা প্রদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার চারজন গুণী ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়েছে। তাঁদের অসামান্য অবদান ও উত্তম চর্চার স্বীকৃতি স্বরূপ এ সম্মাননা প্রদান করা হয়।গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসকের কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে জেলা প্রশাসক অনুষ্ঠিত সমাননা প্রদান অনুষ্ঠানে জেলা প্রশাসক ড.

২-এর পৃষ্ঠা দেখুন

## বিসিবির প্রস্তাব ফিরিয়ে দিয়েছে পিসিবি

সূর্যোদয় প্রতিবেদন

ডিসেম্বরে শ্রীলঙ্কা ও পাকিস্তানকে নিয়ে ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ আয়োজনের প্রস্তাব ফিরিয়ে দিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। বাংলাদেশের ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রস্তাবের প্রেক্ষিতে পাকিস্তানের গণমাধ্যম জিও নিউজ জানিয়েছে, ব্যস্ত সূচি এবং খেলোয়াড়দের বিশ্রামের কারণে তারা সিরিজ আয়োজনের সিদ্ধান্ত নেনি। জিও নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, ডিসেম্বরে পাকিস্তানের কয়েকজন শীর্ষ ক্রিকেটার বিগ ব্যাশ লিগে অংশ নেবেন। এবারের বিগ ব্যাশ শুরু

২-এর পৃষ্ঠা দেখুন




## মানসম্মত শিক্ষা নিশ্চিতকল্পে ইয়ুথ ফোরামের উদ্যোগ

নিজস্ব প্রতিবেদক

ঝরে পড়া রোধ এবং সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে ইয়ুথ ফোরাম নানা ধরনের কর্মসূচি বাস্তবায়ন করছে। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। মউক-এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ক্যাসিনোর টাকায় চলছে মিল্টনের বিক্ষোভ সমাবেশ- আসাদুজ্জামান বাবলু

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু অভিযোগ করে বলেছেন ক্যাসিনো টাকায় ধানের শীষের প্রার্থীকে অস্থিতিশীল করার চেষ্টা করছে গাড়াবাড়িয়া গ্রামের সাজ্জাদ হোসেন পলাশ নামের এক অনলাইন জুয়াড়ি। গতকাল বৃহস্পতিবার বিকালে তেঁতুলবাড়িয়া ইউনিয়ন বিএনপি আয়োজিত এক সভায় তিনি নিয়ে কথা বলেন। আসাদুজ্জামান বাবলু আরও বলেন, কয়েক মাস আগে ঘোষিত বিএনপির নতুন কমিটি থেকে যোগ্য ও ত্যাগী নেতাদের বাদ দেওয়া হয়েছে। আর সেই সুযোগে কিছু

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রধান উপদেষ্টা স্বাক্ষরিত জুলাই সনদ লঙ্ঘন করেছেন: সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস নিজের স্বাক্ষরিত জুলাই জাতীয় সনদ লঙ্ঘন করেছেন বলে অভিযোগ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, "১৭ অক্টোবর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রধান উপদেষ্টা যে সনদে সই করেছিলেন, আজকের ভাষণের মাধ্যমে তিনি সেটি অমান্য করেছেন।" বৃহস্পতিবার (১৩ নভেম্বর) বিকেলে রাজধানীতে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সালাহউদ্দিন আহমদ এ মন্তব্য করেন। এর আগে দুপুর আড়াইটায় জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক

২-এর পৃষ্ঠা দেখুন



## মহিলা কলেজে সাহিত্য ও ক্রীড়া উৎসবের সমাপনী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি মহিলা কলেজে তিন দিনব্যাপী সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে কলেজের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে সংস্কৃতি ও খেলাধুলার গুরুত্ব তুলে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ প্রফেসর মাহা. আব্দুল্লাহ আল আমিন, সহযোগী অধ্যাপক

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনী পোস্টার না সরালে কঠোর হব: সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনের (ইসি) নির্দেশ অমান্য করে রাজধানীজুড়ে ছড়িয়ে পড়েছে নির্বাচনী পোস্টার। এই পরিস্থিতিতে কড়া হুঁশিয়ারি দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। তিনি বলেছেন, "ঢাকা শহর ছেয়ে গেছে নির্বাচনী পোস্টারে। অথচ আমরা পোস্টার নিষিদ্ধ ঘোষণা করেছি। এগুলো সরাতে হবে। যারা পোস্টার লাগিয়েছেন, নিজেরাই সরিয়ে নিন; না হলে আমরা কঠোর হব।" বৃহস্পতিবার (১৩ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আয়োজিত সংলাপের সূচনা বক্তব্যে এসব কথা বলেন সিইসি। তিনি আরও বলেন, উই উইল নট স্পেয়ার, আমরা ব্লাইন্ডলি উইল জাম্প ওভার দিস ভায়োলেশন। সিইসি নাসির উদ্দিন বলেন, "এবারের নির্বাচনে আমাদের ওপর অতিরিক্ত দায়িত্ব এসেছে। আগের কমিশনের কাঁধে এমন চাপ ছিল না। তাই রাজনৈতিক দলগুলোর সহযোগিতা আগের যেকোনো সময়ের চেয়ে এখন অনেক বেশি

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর: (অস্বাস্থকর পরিবেশে বিস্কুট কেক)
(এসপির বাসভবনে আগুন)
লাগলো আগুন এসপির বাসায়
ছিল কি অন্য কিছুর ফেও
রাখে আল্লাহ মারে কে
ঘরে ছিল না কেউ।
ধরল আগুন এসি থেকে
পুড়লো অনেক জিনিস
ফায়ার সার্ভিস আসতে সময়
ত্রিরিশ মিনিটেই ফিনিশ ।
এসপি সাহেব ছিল অফিসে
বাসা ছিল বন্ধ
সিকিউরিটি দেখতে পেল
কালো ধোয়ার গন্ধ।
বাসা থেকে হলে বাহির
তালা দেওয়ার আগে
বাসার সুইচ আছে যত
বন্ধ করতে রাখতে হবে মনে।



## গাংনীতে বিএনপির বিক্ষোভ: মিল্টনের মনোনয়ন দাবিতে মিছিল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি মনোনীত প্রার্থী পরিবর্তন করে জেলা সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনীতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। উপজেলা বাসস্ট্যান্ড থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক

২-এর পৃষ্ঠা দেখুন

## একদিনে নির্বাচন ও গণভোটে জনগণের ইচ্ছা প্রতিফলিত হয়নি: জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

একই দিনে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট আয়োজনের ঘোষণায় জনগণের আকাঙ্ক্ষা পূরণ হয়নি বলে মন্তব্য করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, "জনগণের অভিপ্রায় ও গণদাবিকে উপেক্ষা করে সরকার এই ঘোষণা দিয়েছে।" বৃহস্পতিবার (১৩ নভেম্বর) বিকেলে রাজধানীতে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ের নিচতলায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ প্রতিক্রিয়া জানান। এর আগে দুপুর আড়াইটায় জাতির

২-এর পৃষ্ঠা দেখুন



## নবজাতক মাকে উপহার সামগ্রী প্রদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মোস্তারা খাতুনকে নরমাল ডেলিভারির মাধ্যমে শিশুসন্তান জন্ম দেওয়ার পরে জেলা প্রশাসনের পক্ষ থেকে শুভেচ্ছা ও উপহার সামগ্রী প্রদান করা হয়েছে।গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ২৯ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৪ নভেম্বর ২০২৫ইং

## গুলিস্তানে আওয়ামী লীগ অফিসে ভাঙচুর, আগুন

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর গুলিস্তানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) বেলা ১টার দিকে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, 'ইনকিলাব মঞ্চ'-এর ব্যানারে ১০ থেকে ১৫ জনের একটি দল ভবনের চতুর্থ তলায় কাঠ ও কার্টন জড়ো করে তাতে আগুন ধরিয়ে দেয়। কিছু সময় পর আগুনের তীব্রতা কমে এলে তারা আবারও সেখানে আগুন জ্বালায়। বেলা সোয়া ১টার দিকে পর্যন্ত ভবনটিতে ধোঁয়া ও দাউদাউ করে আগুন জ্বলতে দেখা যায়। মতিঝিল জোনের

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'বিএনপি-জামায়াতের বিভেদের কারণে আ.লীগ ফেরার সুযোগ পাচ্ছে'

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, বিএনপি ও জামায়াতের মধ্যে চলমান বিভেদের কারণে আওয়ামী লীগ পুনরায় ক্ষমতায় ফেরার সুযোগ পাচ্ছে। তিনি বলেন, "একদিকে জামায়াতের কর্মসূচি, অন্যদিকে বিএনপির কর্মসূচি; এই বিভেদের কারণে আওয়ামী লীগের জন্য সুযোগ তৈরি হচ্ছে।" বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে দলটির কৃষক উইংয়ের অনুষ্ঠানে যোগ দিয়ে নাসীরুদ্দীন পাটওয়ারী এসব কথা বলেন। তিনি আরও বলেন, "আমরা আমাদের জীবন কোনো পরিবারের কাছে বর্গা দিতে চাই না। কোনো পরিবারের কাছে জীবন বর্গা দিয়ে আমরা দাস হতে চাই না।" তিনি গণভোট ও জাতীয় নির্বাচন একই দিনে হওয়ার বিষয়ে সতর্কবার্তা দিয়ে বলেন, "ইসি সক্ষম না হলে একদিনে নির্বাচন ও গণভোট আয়োজন হুমকির মুখে পড়বে। আমরা সরকারের সঙ্গে এবং অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে আহ্বান জানাবো নির্বাচন কমিশনকে শক্তিশালী করার জন্য।" নাসীরুদ্দীন পাটওয়ারী সরকারকে সমালোচনা করে বলেন, "সরকার এমন কিছু সিদ্ধান্ত নিয়েছে যা জনগণ থেকে তাদের বিচ্ছিন্ন করেছে। গত এক বছরে গণঅভ্যুত্থানের শক্তি স্তিমিত হয়নি। সরকার গণঅভ্যুত্থানের শক্তিকে 'মব' বলে অপবাদ দেওয়ার চেষ্টা করেছে।" তিনি আরও অভিযোগ করেন, আওয়ামী লীগ অনলাইন ও বিভিন্ন জায়গায় ভীতি ছড়িয়েছে। "গত ১৫ বছরে তাদের অর্থনৈতিক সমৃদ্ধি থেকে যে অর্থ অর্জিত হয়েছিল, তা দিয়ে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার পাঁয়তারা চালাচ্ছে।" এছাড়া নাসীরুদ্দীন পাটওয়ারী উল্লেখ করেন, শেখ হাসিনার রায় ১৭ নভেম্বর ঘোষণা হবে, যা বাংলাদেশের বিচার বিভাগের জন্য একটি নতুন মাইলফলক হিসেবে গণ্য হবে।

## নেতানিয়াহুকে সম্পূর্ণরূপে ক্ষমা করে দিতে বললেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে সম্পূর্ণরূপে ক্ষমা করে দেওয়ার আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইসরায়েলি প্রেসিডেন্ট আইজ্যাক হারজগকে লেখা এক চিঠিতে ট্রাম্প এই আহ্বান জানান। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্স জানিয়েছে, চিঠিতে তিনি নেতানিয়াহুর বিরুদ্ধে চলমান দুর্নীতির মামলাগুলোকে 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ও অযৌক্তিক' বলে উল্লেখ করেছেন। ট্রাম্প তার চিঠিতে বলেন, "আমি ইসরায়েলের বিচারব্যবস্থার স্বাধীনতাকে সম্পূর্ণভাবে সম্মান করি। তবে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শীতে ছাদবাগানে ফলাতে পারবেন পুষ্টিকর শাক-সবজি

সূর্যোদয় প্রতিবেদক

শীতকাল মানেই টাটকা শাক-সবজির মৌসুম। এ সময়ে বাজারে যেমন নানা ধরনের সবজি পাওয়া যায়, তেমনই বাড়ির ছাদ বা বারান্দাতেও সহজেই চাষ করা যায় স্বাস্থ্যকর শাক-সবজি। এতে একদিকে যেমন পরিবারের জন্য মিলবে রাসায়নিকমুক্ত তাজা সবজি, অন্যদিকে গাছের যত্ন নেওয়াও হয়ে ওঠে আনন্দের কাজ। বিশেষজ্ঞদের মতে, শীতকালই শাক-সবজি চাষের সবচেয়ে উপযুক্ত সময়। ঠাণ্ডা আবহাওয়া ও পর্যাপ্ত সূর্যালোকের কারণে ফসল ভালো জন্মায়। তাই এখনই ছাদবাগানে মেথি শাক, গাজর, ধনেপাতা ও পুদিনা লাগানোর সময়। রান্নাঘরে প্রায় সারা বছর ব্যবহৃত মসলাটি হলো মেথি। চারা তৈরি করতে মেথির বীজ সারারাত ভিজিয়ে রাখুন। পরের দিন পানি ঝরিয়ে মাটিতে ছড়িয়ে দিন। তবে সরাসরি রোদে মেথি চারা রাখবেন না। বাড়ির এমন জায়গায় চাষ করুন

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর-২: ধানের শীষের পক্ষে মিছিল ও সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনের বিএনপির মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনকে বিজয়ী করতে ধানের শীষের পক্ষে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া বাজার সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশের পরে তেঁতুলবাড়ীয়া ও পলাশীপাড়া গ্রামে মিছিল অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু এবং মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান। এছাড়াও বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

## নয়াদিল্লি ও ইসলামাবাদে বিস্ফোরণ, কাকতাল নাকি ষড়যন্ত্র

সূর্যোদয় প্রতিবেদন

এক দিনের ব্যবধানে ভারতের রাজধানী নয়াদিল্লি ও পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে প্রায় একই ধাঁচের দুটি ভয়াবহ বিস্ফোরণে প্রাণহানি ঘটেছে। এতে শুরু হয়েছে দুই দেশের মধ্যে নতুন করে অভিযোগপ্রত্যাঘাত ও ষড়যন্ত্রের রাজনীতি। পাকিস্তান সরাসরি ভারতকে দায়ী করে কঠোর নিন্দা জানিয়েছে। অন্যদিকে ভারত ইঙ্গিত করছে, দিল্লির বিস্ফোরণের পেছনে পাকিস্তানপন্থী জঙ্গি গোষ্ঠীর হাত থাকতে পারে। ফলে প্রশ্ন উঠেছে–এই বিস্ফোরণ দুটি কি নিছক কাকতালীয় ঘটনা, নাকি এর পেছনে রয়েছে আঞ্চলিক ছায়াযুদ্ধের নতুন অধ্যায়? গত সোমবার (১১ নভেম্বর) সন্ধ্যায় দিল্লির ঐতিহাসিক লালকেল্লা মেট্রো স্টেশনের কাছে একটি গাড়ি বিস্ফোরণে ১৩ জন নিহত

৩-এর পৃষ্ঠা দেখুন



## অনূর্ধ্ব ১৬ ফুটবল টুর্নামেন্টে চাঁদপুর মাধ্যমিক চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৬ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলে চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে অনুষ্ঠিত ফাইনালে নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হওয়ায় টাইব্রেকারে বিজয়ী নির্ধারণ করা হয়। টাইব্রেকারে চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয় ৪-২ গোলে এইচভি মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে। চাঁদপুরের নাসিম, রাব্বি, রাফছি ও নাঈম একজন করে গোল করেন। এইচভি মাধ্যমিক বিদ্যালয়ের পক্ষে নাসিম ও রুম্মন একজন করে গোল করেন। খেলার শেষে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফিলিস্তিনি ভূখণ্ডে নিরস্ত্র জার্মান পুলিশ মোতায়েন

সূর্যোদয় প্রতিবেদন

মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা আনার লক্ষ্যে ফিলিস্তিনি ভূখণ্ডে নিরস্ত্র পুলিশ মোতায়েন করেছে জার্মানি। বুধবার (১২ নভেম্বর) আনাদোলু বার্তাসংস্থা জানায়, জেরুজালেমে অবস্থানরত এই দলটি স্থানীয় নিরাপত্তা বাহিনী পুনর্গঠনে সহায়তা করবে। জার্মান স্বরাষ্ট্রমন্ত্রী আলেকজান্ডার ডব্রিন্ডট বার্তা সংস্থা ডিপিএকে জানান, মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য একটি কার্যকর পুলিশ বাহিনী অপরিহার্য। এ কারণেই ফেডারেল পুলিশের একটি উচ্চপর্যায়ের দল জেরুজালেমে পাঠানো হয়েছে। মন্ত্রী আরও জানান, ওই কর্মকর্তারা জেরুজালেমের অফিস ফর সিকিউরিটি (ওএসসি) থেকে ফিলিস্তিনি ভূখণ্ডে পুলিশ ও নিরাপত্তা বাহিনী পুনর্গঠনে সহায়তা প্রদান করছেন। ডিপিএ জানিয়েছে, চারজন সদস্য নিয়ে গঠিত এই

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গার সাবেক মেয়র টোটনসহ গ্রেপ্তার দুই নেতা

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক সিরাজুল ইসলাম আসমান (৫০) এবং জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ বৃহস্পতিবার ভোরে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অভিযান চালিয়ে টোটনকে গ্রেপ্তার করে। ডিবির যুগ্ম পুলিশ কমিশনার মোহাম্মদ নাসিরুল ইসলাম জানান, নিষিদ্ধ ঘোষিত দল আওয়ামী লীগের 'লকডাউন' কর্মসূচি উপলক্ষে নাশকতার পরিকল্পনার অভিযোগে তাকে আটক করা হয়েছে।পুলিশ জানিয়েছে, টোটন চুয়াডাঙ্গা-১ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দারের ছোট ভাই। তিনি চুয়াডাঙ্গার

৩-এর পৃষ্ঠা দেখুন






## কুষ্টিয়ায় আ লীগের লকডাউনের প্রতিবাদে জুলাই যোদ্ধাদের বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগের ঘোষিত লকডাউনের প্রতিবাদে বৃহস্পতিবার (১৩ নভেম্বর) বেলা সাড়ে ১২টায় কুষ্টিয়ার মজমপুর এলাকায় বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। কর্মসূচিটি "জুলাই আহত যোদ্ধা ও ফ্যাসিবাদবিরোধী আমজনতা" ব্যানারে আয়োজন করা হয়। বিক্ষোভকারীরা "আওয়ামী লীগের বিচার

৩-এর পৃষ্ঠা দেখুন



## সিলেট টেস্টে তৃতীয় দিনেই জয়ের সুবাস পাচ্ছে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

সিলেট টেস্টে তৃতীয় দিনে বাংলাদেশ ক্রিকেট দল জয়ের পথে এগোচ্ছে। প্রথম ইনিংসে আয়ারল্যান্ডের ২৮৬ রানের জবাবে মাহমুদুল হাসান জয় (১৭১) এবং নাজমুল হোসেন শান্ত (১০০) জোড়া সেঞ্চুরিতে ভর করে ৮ উইকেটে ৫৮৭ রান নিয়ে ইনিংস ঘোষণা করে বাংলাদেশ। দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে আইরিশরা বিপদে পড়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রায় ৭৫০ বছরের ঐতিহ্য মন্ডিত তাওহিদ ও শিরক, সুন্নাত ও বিদয়াতের পার্থক্যকারী বিশ্ব মুসলিম ঐক্যের প্রতীক

দরবারে ফুরফুরার

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহ্হার সিদ্দিকী আল কোরাইশী (রহ.) কর্তৃক প্রতিষ্ঠিত জমিয়তুল মুসলিমীন হিযবুল্লাহ, মেহেরপুর জেলা মারকাজের উদ্যোগে

বার্ষিক ওয়াজ মাহফিল ও ইসালে-সাওয়াব

তারিখঃ ২২ নভেম্বর'২৫ ইং
রোজঃ শনিবার সময়ঃ বাদ আছর

স্থানঃ দারুর-রহমত খানকায়ে ফুরফুরা
মেহেরপুর জেলা মারকাজ, রহমতপুর (দফরপুর)
(মেহেরপুর-মহাজনপুর রোডে রায়পুর ও কোলা গ্রামের মাঝে)

তাশরীফ আনবেন

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহহার সিদ্দিকী আল কোরাইশী (রহঃ)-এর সুযোগ্য ছোট সাহেবজাদা

শাহ্ ফতেহ্ আলী মুহাম্মাদ আয়াতুল্লাহ্ সিদ্দিকী আল-কোরাইশী

ওয়াজ করবেন ঃ

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ
হযরত মাওঃ আওয়াবুল্লাহ্ ইব্রাহিম
অধ্যক্ষ, পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, রাজবাড়ী।

হযরত মাওঃ মোঃ আব্দুল খালেক
মুয়াল্লিম, পাকশী ফুরফুরা দরবার

হযরত মাওঃ মোঃ আবুল কালাম
চৌগাছা, যশোর

আরো ওয়াজ করবেন পীর সাহেব হুজুরের সফরসঙ্গী, স্থানীয় ওলামায়ে কেরাম ও মুবাল্লিগগণ।

পরিচালনা করবেনঃ আলহাজ্ব হযরত মাওঃ আক্কাচ আলী প্রবীণ খলিফা, ফুরফুরা শরীফ

দলমত নির্বিশেষে উক্ত মাহফিলে যোগদান করে দোজাহানের খায়ের ও বরকত লাভ করুন।

এন্তেজামেঃ মেহেরপুর জেলা মারকাজ কমিটি, রহমতপুর, মেহেরপুর।

১৫ ডিসেম্বর থেকে অত্র মাদরাসায় ভর্তি শুরু হবে

মনে রাখবেন: ফুরফুরা দরবার ঢাকা দারুস সালামে আগামী ৩০, ৩১ ডিসেম্বর ২০২৫ ও ১, ২ জানুয়ারী ২০২৬ ওয়াজ মাহফিল ও ইসালে সাওয়াব অনুষ্ঠিত হবে।

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## ক্লাউড বনাম সিডি: আপনার তথ্য কতটা নিরাপদ?

সূর্যোদয় প্রতিবেদক

আজকাল গুরুত্বপূর্ণ ফাইল, ছবি, ভিডিও থেকে শুরু করে সবধরনের ডাটা মানুষ ক্লাউডে রাখছেন। কিন্তু প্রশ্ন হলো–এই স্টোরেজগুলো কতটা নিরাপদ? আদৌ কি গোপনীয়তা সুরক্ষিত থাকে? প্রযুক্তি বিশেষজ্ঞদের মতে, ক্লাউড স্টোরেজে ব্যবহারকারীর তথ্যের নিরাপত্তা সবসময় নিশ্চিত নয়। কারণ এর নিয়ন্ত্রণ পুরোপুরি ব্যবহারকারীর হাতে থাকে না। ক্লাউডে থাকা তথ্য সার্ভারে সংরক্ষিত থাকে, যা সাইবার অপরাধীদের নজরে আসার ঝুঁকি বাড়িয়ে দেয়। অন্যদিকে সিডি বা ডিভিডি ব্যবহারকারী নিজেই নিয়ন্ত্রণ করতে পারেন; সেখানে তথ্য চুরি বা মুছে ফেলা প্রায় অসম্ভব।





ক্লাউড স্টোরেজ ইন্টারনেট নির্ভর। কোনো সমস্যা হলে ব্যবহারকারী তথ্য অ্যাক্সেস করতে পারবে না। সিডি বা ডিভিডি ব্যবহার করলে অফলাইনে থেকেও তথ্য নিরাপদে রাখা যায়। এছাড়া,

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্যঃ ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ১৪ নভেম্বর ২০২৫ ইং

## উপজেলা পর্যায়ে সাঁতার প্রশিক্ষণের এমন উদ্যোগ বাড়ুক

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে নির্মিত আধুনিক সুইমিংপুলের উদ্বোধন হয়েছে সম্প্রতি। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম এ উদ্যোগকে তরুণ প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশের এক নতুন দিগন্ত বলে উল্লেখ করেছেন। নিঃসন্দেহে এটি প্রশংসনীয় পদক্ষেপ।বাংলাদেশে প্রতিবছর বহু শিশু ও কিশোর পানিতে ডুবে প্রাণ হারায়। অথচ সাঁতার আমাদের দেশের জলবেষ্টিত জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত একটি দক্ষতা। স্কুল পর্যায় থেকে সাঁতারের প্রশিক্ষণ চালু করা গেলে এমন দুর্ঘটনা অনেকাংশে প্রতিরোধ করা সম্ভব। মেহেরপুর সদর উপজেলা পরিষদের এই উদ্যোগ অন্যান্য উপজেলা ও স্থানীয় প্রশাসনের জন্য অনুকরণীয় হতে পারে। প্রায় ৭ লাখ টাকা ব্যয়ে নির্মিত আধুনিক এই সুইমিংপুলে শিক্ষার্থীদের প্রশিক্ষণের যে পরিকল্পনা নেওয়া হয়েছে, তা বাস্তবায়িত হলে সমাজে ইতিবাচক পরিবর্তন আসবে। নিয়মিত সাঁতার যেমন শরীর ও মনের সুস্থতা বজায় রাখে, তেমনি এটি আত্মবিশ্বাস ও শৃঙ্খলাও বাড়ায়। আমরা মনে করি, উপজেলা পর্যায়ে এমন উদ্যোগ শুধু বিনোদনের জন্য নয়, বরং একটি কার্যকর জনস্বাস্থ্য কার্যক্রম হিসেবেও বিবেচিত হওয়া উচিত। সরকার ও স্থানীয় প্রশাসনের আরও সক্রিয় সহযোগিতায় সারাদেশে এ ধরনের সাঁতার প্রশিক্ষণকেন্দ্র গড়ে উঠুক– এই আমাদের প্রত্যাশা।

## নদী বাঁচলে মেহেরপুর বাঁচবে

মিজানুর রহমান অপু



নদী মানেই জীবন। নদীই বাংলাদেশের প্রাণ, কৃষির উৎস, সভ্যতার ভিত্তি। মেহেরপুরের মতো সীমান্তঘেঁষা ছোট জেলা এই সত্যের জীবন্ত প্রমাণ। গাংনী, মাথাভাঙা, ভৈরব, কাজলা ও নানা শাখা নদী একসময় ছিল এ জেলার জনজীবনের অবিচ্ছেদ্য অংশ। নদীর পানিতে চলত কৃষি, সেচ, মাছ ধরা ও যোগাযোগ। কিন্তু আজ সেই নদীগুলোর অনেকটাই হারিয়ে গেছে—দখল, দূষণ, পলিথিন বর্জ্য ও নির্বিচারে বালু উত্তোলনের কারণে। নদীর বুক চিরে চলছে ব্যবসা, নদীর গতিপথ আটকে যাচ্ছে অবৈধ বাঁধে। ফলশ্রুতিতে মেহেরপুরের জীববৈচিত্র্য ও কৃষি আজ বিপন্ন। সম্প্রতি রাজশাহীতে এক অনুষ্ঠানে পানি সম্পদ ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান অত্যন্ত যথার্থভাবেই বলেছেন— দেশে বালি ও ভূমিদস্যুতা ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে। তিনি সতর্ক করেছেন, 'শুধু প্রকল্পের স্বার্থে নদীর প্রবাহে আর বাধা দেওয়া যাবে না।' তাঁর এই বক্তব্য মেহেরপুরের বাস্তবতার সাথেই মিলে যায়। জেলার নানা স্থানে এখনো দেখা যায়, মৌসুমি স্রোতের সুযোগে নদীর পাড়ে বালু তোলা, ফসলি জমিতে পুকুর খনন ও খাল ভরাটের প্রবণতা। এসব কর্মকাণ্ডের কারণে মাটির উর্বরতা কমছে, ভূগর্ভস্থ পানির স্তর নিচে নামছে, পরিবেশ হারাচ্ছে ভারসাম্য। রিজওয়ানা হাসান আরও বলেছেন, "পলিথিনের বিকল্প পাট বা কাপড়ের ব্যাগ ব্যবহারে অভ্যস্ত হতে হবে।" মেহেরপুরের বাজারগুলোতেও এখন প্লাস্টিক ও একবার ব্যবহারযোগ্য ব্যাগে ভরে গেছে। এসব বর্জ্য খাল-বিলে জমে নদীর প্রবাহ বন্ধ করছে। অথচ মেহেরপুরই একসময় পরিচ্ছন্ন পরিবেশ ও জলাশয়সমৃদ্ধ অঞ্চলের উদাহরণ ছিল। এখন খাল-বিল ভরাট করে গড়ে উঠেছে বসতি, দোকান আর ইটভাটা। প্রাকৃতিক জলাধার হারিয়ে যাওয়ায় গরমে খরা, বর্ষায় জলাবদ্ধতা—এ দুটি বিপরীত দুর্ভোগই এখন নিয়মিত। আমরা ভুলে গেছি, নদী কেবল পানি নয়—এটি জীবনের ধারা। নদীই মেহেরপুরের কৃষককে ফসল দিয়েছে, মৎস্যজীবীকে জীবিকা দিয়েছে, প্রকৃতিকে দিয়েছে সৌন্দর্য। তাই নদী বাঁচানো মানেই মেহেরপুরকে বাঁচানো। প্রয়োজন এখন সমন্বিত উদ্যোগের। স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সমাজকে একসঙ্গে কাজ করতে হবে। আইন প্রয়োগের পাশাপাশি জনসচেতনতা জরুরি। অবৈধ বালু উত্তোলন, জলাশয় ভরাট ও পলিথিন দূষণ রোধে বাস্তব পদক্ষেপ নিতে হবে। আমরা বিশ্বাস করি—যদি মেহেরপুরের নদীগুলো আবার তাদের স্বাভাবিক গতিপথ ফিরে পায়, তাহলে এই জেলার কৃষি, মৎস্য ও গ্রামীণ জীবন নতুন প্রাণ ফিরে পাবে। নদীই মেহেরপুরের জীবনরেখা; নদী বাঁচলে বাঁচবে আমাদের ভবিষ্যৎ।

# অহংকারী ইবাদত এক আত্মপ্রবঞ্চনা

মাহমুদ হাসান ফাহিম

ইবাদত শুধু নামাজ, রোজা বা হজ পালন নয়। এটি হলো আত্মসমর্পণ, বিনয় এবং আল্লাহর প্রতি ভালোবাসার প্রকাশ। কিন্তু যখন ইবাদতের সঙ্গে অহংকার যুক্ত হয়, তখন তা আর সত্যিকারের ইবাদত থাকে না; বরং এটি আত্মপ্রবঞ্চনায় পরিণত হয়। কুরআনে আল্লাহ তাআলা বলেছেন–

"যে নিজেকে পবিত্র মনে করে, সে যেন জানে–আল্লাহই ভালো জানেন কে প্রকৃতভাবে পবিত্র।" (সূরা আন-নজম, আয়াত ৩২) অর্থাৎ, নিজের ধার্মিকতা নিয়ে অহংকার মানুষকে সত্যিকারের পবিত্রতা থেকে দূরে সরিয়ে দেয়। রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন– "যার অন্তরে সামান্য পরিমাণ অহংকারও থাকবে, সে জান্নাতে প্রবেশ করতে পারবে না।" (সহিহ মুসলিম) ইবাদতের মূল উদ্দেশ্য হলো আত্মাকে পরিশুদ্ধ করা এবং অহংকারকে দূর করা। কিন্তু অনেক সময় মানুষ নামাজ পড়ে বা দান দেয় শুধু অন্যের চোখে সুন্দর দেখানোর জন্য। এই ধরনের ইবাদত হারিয়ে ফেলে তার প্রাণ। প্রকৃত মু'মিন সর্বদা নিজের অন্তরকে প্রশ্ন করে–"আমার নিয়ত কতটা বিশুদ্ধ?" কেয়ামতের দিন এমন মানুষও আসবে, যাদের আমল পাহাড়সম, কিন্তু আল্লাহ বলবেন–

"তোমরা রিয়াকারি ছিলে, মানুষকে দেখানোর জন্য ইবাদত করেছিলে। আজ তোমাদের কোনো প্রতিদান নেই।"

রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন– "সবচেয়ে উত্তম ইবাদত হলো সেই, যা তুমি একান্তে করো, মানুষের দৃষ্টি থেকে লুকিয়ে।" অতএব, ইবাদত আমাদের বিনয়ী, আন্তরিক ও আত্মসমালোচনামূলক হতে হবে। আল্লাহর সন্তুষ্টিই আমাদের একমাত্র উদ্দেশ্য। অহংকার ভরা ইবাদত এক আত্মপ্রবঞ্চনা, আর বিনয়ই ইবাদতের প্রাণ।

## বকুল-বিজন পরিষদ পূর্ণ প্যানেলের

(প্রথম পৃষ্টার পর)

(কাজী মিজান মেনন) পান ৮৮ ভোট। কার্যনির্বাহী সদস্য পদে একেএম আনোয়ারুল হক কালু (২৫৩ ভোট), নুর রহমান (২২১ ভোট), মাজহারুল ইসলাম (২০৯ ভোট), সোহেল রানা (১৯৬ ভোট) এবং নজরুল ইসলাম (১৭৭ ভোট) পেয়ে বিজয়ী হয়েছেন। এছাড়া কার্যনির্বাহী সদস্য পদে পরাজিত প্রার্থী শামসুর রহমান ১৫৪, নাজমুন নাহার রিনা ১৬১,এসএম সাজাহান ১১৬, দবির হোসেন ৯০ খম ইব্রাহীম আলী ৮৩ ভোট পেয়েছেন। ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর। এর আগে সকাল ৯টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও রেড ক্রিসেন্টের জেলা ইউনিটের সভাপতি ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর ও জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম। সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় সংগঠনের বর্তমান কার্যক্রম, ভবিষ্যৎ পরিকল্পনা এবং মানবিক সহায়তা কার্যক্রমকে আরও গতিশীল করার ওপর। বক্তারা বিশেষভাবে গুরুত্বারোপ করেন সমাজের অসহায় ও দুস্থ জনগোষ্ঠীর জন্য কার্যক্রম সম্প্রসারণ এবং যুবসমাজকে মানবিক সেবায় সম্পৃক্ত করার প্রয়োজনীয়তার ওপর।

## মেহেরপুর শিক্ষা প্রকৌশল

(প্রথম পৃষ্টার পর)

(দুদক) সমন্বিত কার্যালয় সূত্রে জানা গেছে, তার বিরুদ্ধে অনুসন্ধান চলছে। এদিকে ১৬ অক্টোবর তাকে যশোরে বদলি করা হলেও স্থানীয় ঠিকাদাররা বিরোধ জানিয়ে তাকে যোগ দিতে দেননি। লিগ্যাল নোটিশদাতা আইনজীবী মো. রেজাউল করীম বলেন, "আমার মক্কেলকে অন্যায্যভাবে ক্ষতিগ্রস্ত করা হয়েছে, তাই আইনি প্রক্রিয়া চালানো হয়েছে।" অভিযোগের বিষয়ে রাকিবুল আহসান বলেন, "ঠিকাদার নোটিশ দিয়েছেন, তা দিতে পারেন। তবে সব অভিযোগই সম্পূর্ণ মিথ্যা।

## গণভোট আগে, নির্বাচন পরে হবে

(প্রথম পৃষ্টার পর)

জামায়তে ইসলামীর কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে মোবারক হোসেন এ কথা বলেন। তিনি আরও জানান, জামায়াত নির্বাচন ও আন্দোলন একই সাথে করতে চায়। ইতিমধ্যে ৩শ আসনের প্রার্থী চূড়ান্ত করা হয়েছে। নির্বাচনের প্রচারণা এবং গণভোটের দাবি একই সময়ে চলবে। জুলাই সনদ সংক্রান্ত মন্তব্যে তিনি বলেন, "প্রধান উপদেষ্টাদের যে পয়েন্টগুলো উত্থাপিত হয়েছে, তার অধিকাংশই জামায়াতের। অনেকগুলো পয়েন্ট বিএনপি নোট অফ ডিসেন্ট হিসেবে রেখেছিল। ফলে জুলাই সনদে আমাদের বিষয়গুলো প্রতিফলিত হয়েছে।" আওয়ামী লীগের লকডাউন প্রসঙ্গে মোবারক হোসেন বলেন, "পতিত সরকারের দল হম্বিতম্বি ছাড়া কিছু করতে পারেনি। গত ১৫ বছরে তাদের কর্মকাণ্ডের কারণে ভবিষ্যতে আওয়ামী লীগ স্বাভাবিকভাবে রাজপথে মাথা তুলে দাঁড়াতে পারবে না। তাদের প্রতিরোধ করতে রাজপথে জামায়াত ইসলাম ও ইসলামী ছাত্রশিবির থাকবে।"

মতবিনিময় সভায় জেলা জামায়েতের আমির ও মেহেরপুর-১ আসনের মনোনীত প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান, জেলা সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, গাংনী উপজেলা আমির ও মেহেরপুর-২ আসনের মনোনীত প্রার্থী মাওলানা নাজমুল হুদা, মুজিবনগর উপজেলা সাধারণ সম্পাদক আবুল বাশারসহ জেলা জামায়েতের অন্যান্য নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

## নির্বাচনের দিনই গণভোট জাতির

(প্রথম পৃষ্টার পর)

গণঅভ্যুত্থানে সংঘটিত হত্যাকাণ্ডের বিচার প্রায় চূড়ান্ত পর্যায়ে এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রথম রায় শিগগিরই ঘোষণা হবে। একই সঙ্গে "গুম" সম্পর্কিত মামলার বিচারও প্রথমবারের মতো শুরু হয়েছে বলে জানান তিনি। প্রধান উপদেষ্টা বলেন, জুলাই সনদের আলোকে সংবিধান সংস্কারের প্রস্তাবগুলো জনগণের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হবে। এজন্য আগামী জাতীয় সংসদ নির্বাচনের দিনই গণভোট অনুষ্ঠিত হবে। "অর্থাৎ জাতীয় নির্বাচনের মতো গণভোটও ফেব্রুয়ারির প্রথমার্ধে একই দিনে অনুষ্ঠিত হবে। এতে সংস্কারের লক্ষ্য কোনোভাবে বাধাগ্রস্ত হবে না। নির্বাচন আরও উৎসবমুখর ও সাশ্রয়ী হবে,"– বলেন তিনি। ভাষণে তিনি জানান, জুলাই সনদে উল্লিখিত ৩০টি সংস্কার প্রস্তাবের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য গড়ে উঠেছে। এসব প্রস্তাবের মধ্যে রয়েছে– দুই কক্ষবিশিষ্ট সংসদ গঠন, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরণ, প্রধানমন্ত্রীর মেয়াদ সীমিতকরণ, রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি, নারীর প্রতিনিধিত্ব ও বিরোধী দলের ক্ষমতায়ন, নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক কাঠামো, স্থানীয় সরকারের বিকেন্দ্রীকরণ প্রভৃতি। তিনি ব্যাখ্যা করেন, গণভোটে জনগণ একক প্রশ্নে 'হ্যাঁ' বা 'না' ভোট দেবেন। গণভোটে সংখ্যাগরিষ্ঠ ভোট যদি 'হ্যাঁ' হয়, তাহলে নির্বাচিত সংসদ সদস্যদের নিয়েই সংবিধান সংস্কার পরিষদ গঠন করা হবে। পরিষদ প্রথম অধিবেশন শুরুর ১৮০ কার্যদিবসের মধ্যে সংস্কার সম্পন্ন করবে। ভাষণে অর্থনৈতিক অগ্রগতি নিয়েও কথা বলেন প্রধান উপদেষ্টা। তিনি বলেন, "অভ্যুত্থানের পর অর্থনীতিকে গভীর সংকট থেকে উদ্ধার করা আমাদের জন্য ছিল বিরাট চ্যালেঞ্জ। গত ১৫ মাসে আমরা সেই চ্যালেঞ্জ সফলভাবে মোকাবিলা করেছি।" তিনি জানান, রপ্তানি, বৈদেশিক বিনিয়োগ ও রিজার্ভ বৃদ্ধির পাশাপাশি ব্যাংক খাতের আস্থা ফিরেছে। বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ (এফডিআই) গত এক বছরে ১৯.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়া লালদিয়া কন্টেইনার টার্মিনাল প্রকল্পে ইউরোপীয় কোম্পানি মার্স গ্রুপের এপিএম টার্মিনালস ৫৫০ মিলিয়ন ডলার বিনিয়োগ করবে, যা বাংলাদেশের ইতিহাসে ইউরোপের সর্বোচ্চ একক বিনিয়োগ। ড. ইউনূস বলেন, জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের আত্মত্যাগ যেন দলীয় বিভাজনে ম্লান না হয়। তিনি সতর্ক করে বলেন, "আগামী ফেব্রুয়ারির নির্বাচনে অংশগ্রহণ ও গণতান্ত্রিক ঐক্য রক্ষা এখন জাতির অস্তিত্বের প্রশ্ন। ভিন্ন মত থাকলেও আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। ফ্যাসিবাদের বিরুদ্ধে যেই ঐক্য আমরা গড়েছিলাম, তা যেন আমরা হারিয়ে না ফেলি।" তিনি আশা প্রকাশ করেন, রাজনৈতিক দলগুলো জাতির বৃহত্তর স্বার্থে এই সিদ্ধান্ত মেনে নিয়ে উৎসবমুখর নির্বাচনের দিকে অগ্রসর হবে। "আমরা নতুন বাংলাদেশ গড়ার দ্বারপ্রান্তে এসে পৌঁছেছি,"– এই আশাবাদ ব্যক্ত করে ভাষণ শেষ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

## বিসিবির প্রস্তাব ফিরিয়ে দিয়েছে

(প্রথম পৃষ্টার পর)

হবে ১৪ ডিসেম্বর থেকে চলবে পরবর্তী বছরের ২৫ জানুয়ারি পর্যন্ত। এই কারণে পাকিস্তান দলের মূল খেলোয়াড়দের অভাব দেখা দেবে। পিসিবি সূত্র জানিয়েছে, এই সময়ে পাকিস্তান রাওয়ালপিন্ডিতে শ্রীলঙ্কার বিপক্ষে তিনটি ওয়ানডে ম্যাচের সিরিজ খেলছে। এছাড়া এ মাসেই শ্রীলঙ্কা ও জিম্বাবুয়ের সঙ্গে আরেকটি ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ আয়োজনের পরিকল্পনা করেছে তারা। ইতোমধ্যেই সেই সিরিজের সূচি ঘোষণা করা হয়েছে। পিসিবি জানিয়েছে, খেলোয়াড়দের অতিরিক্ত ব্যস্ততা ও ক্লান্তির কারণে তারা বিসিবির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। তবে এই বিষয়ে এখনও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। এভাবে, আগামী ডিসেম্বরে বাংলাদেশের পরিকল্পিত ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ পাকিস্তানের অংশগ্রহণ ছাড়া অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

## মানসম্মত শিক্ষা নিশ্চিতকল্পে ইয়ুথ

(প্রথম পৃষ্টার পর)

যুব উন্নয়ন অফিসার মো. আসাদুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও রুদ্র নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. সাদিক ওয়াহিদ এবং সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. মুস্তাক আহমেদ। সভায় যুব সদস্যদের বিগত ত্রৈমাসিক প্রতিবেদন পাঠ করেন মউক-এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ। সভায় প্রকল্প এলাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে অনিয়মিত ছাত্রদের বিদ্যালয়ে ফেরানোর ভূমিকা, অতিদরিদ্র শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা সহায়ক উপকরণ বিতরণ, বাল্যবিবাহ ও মাদক পাচার প্রতিরোধে যুবদের ভূমিকা এবং করণীয় নিয়ে সুপারিশ তুলে ধরা হয়। এছাড়া সম্প্রতি মেহেরপুরে চারজন ছাত্রী ডুবে মৃত্যুবরণ করায় তাদের রুহের মাগফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

## মহিলা কলেজে সাহিত্য ও ক্রীড়া

(প্রথম পৃষ্টার পর)

কাজী আশরাফুল আলম, মেরাজ উদ্দিন, রেক্সোনা খাতুন, গোলাম কিবরিয়া, ড. সরোয়ার হোসেন ও রুপালি বিশ্বাস। এর আগে প্রতিযোগিতার তিন দিনে কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশনা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ীরা তাদের দক্ষতা ও প্রতিভা প্রদর্শন করে শিক্ষকমন্ডলীর প্রশংসা অর্জন করেন।

## প্রতিফলিত হয়নি: জামায়াত

(প্রথম পৃষ্টার পর)

উদ্দেশে ভাষণ দেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস, যেখানে তিনি ফেব্রুয়ারির প্রথমার্ধে একই দিনে নির্বাচন ও গণভোট আয়োজনের ঘোষণা দেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, "প্রধান উপদেষ্টা যে ঘোষণা দিয়েছেন, তা জনগণের প্রত্যাশা পূরণ করতে পারেনি। জনগণ চেয়েছিল, নির্বাচন ও গণভোট আলাদা দিনে অনুষ্ঠিত হোক– যাতে গণভোটে অংশ নেওয়ার সুযোগ ও স্বাধীনতা নিশ্চিত হয়।" তিনি আরও বলেন, "সরকারের উচিত ছিল সকল রাজনৈতিক দল ও জনগণের সঙ্গে আলোচনার মাধ্যমে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া। একতরফা সিদ্ধান্ত দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করবে।" এ সময় উপস্থিত ছিলেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আবদুল হালিম, নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান, প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের, ঢাকা মহানগর দক্ষিণের আমির নুরুল ইসলাম বুলবুল, এবং উত্তরের সেক্রেটারি মোহাম্মদ রেজাউল করিম।

## নবজাতক মাকে উপহার সামগ্রী প্রদান

(প্রথম পৃষ্টার পর)

নির্দেশে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে উপস্থিত হয়ে মোস্তারা খাতুনের হাতে শিশুসন্তান রিজওয়ানের জন্য উপহার সামগ্রী এবং জন্মনিবন্ধন কার্ড তুলে দেন।মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশিও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## গাংনীতে বিএনপির বিক্ষোভ

(প্রথম পৃষ্টার পর)

প্রদক্ষিণ করে মিছিলটি একই স্থানে শেষ হয়। মিছিলে অংশ নেওয়া নেতা-কর্মীরা "অবৈধ মনোনয়ন মানি না, মানবো না" ও "মিল্টন ভাইকে মনোনয়ন দিতে হবে, দিয়ে দাও" শ্লোগান দেন। গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু নেতৃত্বে বিক্ষোভ সমাপ্তির পর জাভেদ মাসুদ মিল্টনের কার্যালয়ে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা জানান, ১৭ বছর দলের ও জনগণের সেবা করা এই নেতাকে মনোনয়ন না দিলে আন্দোলন চলবে এবং ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি নেওয়া হবে। বিক্ষোভ মিছিলে জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, উপজেলা সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, পৌর সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমন, কাথুলী ইউনিয়ন সভাপতি ফেরদৌস ওয়াহেদ বেল্টু, ষোলটাকা ইউনিয়ন সভাপতি কামরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনিসহ অনেকে।

## গাংনীতে ক্যাসিনোর টাকায় চলছে

(প্রথম পৃষ্টার পর)

অনলাইন ক্যাসিনো সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে জাভেদ মাসুদ মিল্টনের অনুসারীরা বিক্ষোভ ও মনোনয়ন বাতিলের দাবির কর্মসূচি চালাচ্ছেন। তিনি বলেন, গাড়াবাড়িয়া গ্রামের আব্দুল লতিফের ছেলে সাজ্জাদ হোসেন পলাশ ঢাকায় আওয়ামীলীগ ও মেহেরপুরে জামায়াত সমর্থক আর গাড়াবাড়িয়াতে বিএনপ্থির পরিচয় দেয় এবং মিল্টন সাহেবের সাথে চলাচল করেন। এ সময় তিনি অনলাইন জুয়াড়ি সাজ্জাদ হোসেন পলাশের বিচার দাবি করেন। ক্যাসিনো সম্রাটরা মিল্টন সাহেবকে টাকা দিয়ে আমজাদ সাহেবের নামে অপপ্রচার করাচ্ছে এসবের দাঁতভাঙ্গা জবাব আমাদের সকলকেই দিতে হবে জানান।সাংবাদিকদের উদ্দেশ্যে আসাদুজ্জামান বাবলু বলেন,আমজাদ সাহেব সৎ এবং যোগ্য নেতা তাকে নিয়ে অপসংবাদিকতা না করার আহবান জানান আসাদুজ্জামান বাবলু।

সভায় সভাপতিত্ব করেন সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী সাবেক এমপি মোঃ আমজাদ হোসেন।এ সময় গাংনী উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, কৃষকদলের আহ্বায়ক মাহবুবুর রহমান, জেলা কৃষকদলের সদস্য সচিব মিজানুর রহমান, সাবেক চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, কাথুলী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান হোসাইন, কাথুলী ইউনিয়ন বিএনপ্থির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি, বিএনপি নেতা আবদুস সাত্তার,জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসাইন, ছাত্রদল নেতা ও তেঁতুলবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জাহাঙ্গীর আলমসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা।অনুষ্ঠান সঞ্চালনা করেন বিএনপি নেতা আবু সায়েম পল্টু।

## সালাহউদ্দিন

(প্রথম পৃষ্টার পর)

মুহাম্মদ ইউনূস। সালাহউদ্দিন আহমদ বলেন, "সরকার যে জুলাই সনদটি গেজেট আকারে প্রকাশ করেছে, তার সঙ্গে স্বাক্ষরিত মূল সনদের বিস্তর ফারাক রয়েছে। প্রধান উপদেষ্টা আজ তার ভাষণে এমন কিছু প্রস্তাব জানিয়েছেন, যা সনদের মূল কাঠামোর সঙ্গে সাংঘর্ষিক।" তিনি অভিযোগ করেন, "জাতীয় সংসদের উচ্চকক্ষের প্রস্তাব পিআর জাতীয় ঐকমত্য কমিশনে 'নোট অব ডিসেন্ট'-এর মাধ্যমে নিষ্পন্ন হয়েছিল। এখন সেটি নতুনভাবে আরোপ করা হচ্ছে, যা সরাসরি সনদের পরিপন্থী।" বিএনপির এই নেতা আরও বলেন, "'সংবিধান সংস্কার পরিষদ' নামে যে সংস্থার কথা বলা হয়েছে, তা জুলাই সনদ বা ঐকমত্য কমিশনের আলোচনার কোনো পর্যায়ে ছিল না। এটি সম্পূর্ণ নতুন ধারণা, যা মূল সনদের ভাবনা থেকে সরে গেছে।" সালাহউদ্দিন আহমদ জানান, প্রধান উপদেষ্টার ভাষণের ওপর আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাতে বিএনপির স্থায়ী কমিটির জরুরি সভা ডাকা হয়েছে।

## মেহেরপুরে গুণী ব্যক্তিদের সম্মাননা প্রদান

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মাননাপ্রাপ্তদের হাতে সনদপত্র ও নগদ অর্থ তুলে দেন। সম্মাননা প্রাপ্তদের মধ্যে রয়েছেন মেহেরপুরের সিনিয়র সাংবাদিক ও মেহেরপুর নিউজ এর বার্তা সম্পাদক মো. মিজানুর রহমান, সাবেক ছাত্রনেতা খালিদ সাইফুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর এবং গাংনী উপজেলার রায়পুর ইউনিয়নের আনসার ভিডিপি দলনেতা হোসাইন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম এবং জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান।

## নির্বাচনী পোস্টার না সরালে কঠোর

(প্রথম পৃষ্টার পর)

প্রয়োজন।" তিনি জানান, "নির্বাচন কমিশনের কাছে সব নিবন্ধিত দলই সমান–বড় বা ছোট যে দলই হোক। বর্তমানে নিবন্ধিত দলের সংখ্যা ৫৪। এই ৫৪ দলই আমাদের কাছে সমান। নির্বাচনের আগে, নির্বাচনের দিন ও পরে কী করা যায়, সে বিষয়ে দলগুলোর সুচিন্তিত পরামর্শ প্রয়োজন।" রাজনৈতিক দলগুলোর উদ্দেশে প্রধান নির্বাচন কমিশনার বলেন, "নির্বাচনে খেলবেন আপনারাই, আপনারাই প্লেয়ার। আমরা শুধু রেফারির ভূমিকায় থাকতে চাই। কিন্তু আপনাদের সহযোগিতা ছাড়া সেই ভূমিকা রাখা কঠিন। একটি স্বাধীন, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন করতে হলে মূল রাজনৈতিক খেলোয়াড়দের সহযোগিতা অপরিহার্য।" গণভোট প্রসঙ্গে সিইসি বলেন, "এ বিষয়ে এখনো আমরা কোনো সরকারি নির্দেশনা পাইনি। তবে এটা নিয়ে আলোচনা আছে। এমনিতেই আমরা বিশেষ পরিস্থিতিতে একটি বিশেষ সরকারের অধীনে নির্বাচন করছি। এর মধ্যেও যদি নতুন কোনো দায়িত্ব আসে, তবে সেটি আমাদের অতিরিক্ত চাপ হিসেবে যোগ হবে।" সিইসি জানান, নির্বাচনী সংলাপের পরিকল্পনা অনেক আগে থেকেই ছিল, তবে রাজনৈতিক দলগুলো তখন জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে আলোচনায় ব্যস্ত থাকায় ইসি অপেক্ষা করেছে।

## ড. আলী রীয়াজ

(প্রথম পৃষ্টার পর)

রাষ্ট্রবিজ্ঞানী ও লেখক ড. আলী রীয়াজ এর আগে জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। জাতীয় ঐকমত্য কমিশন ছয়টি সংস্কার কমিশনের সুপারিশ বিবেচনা ও গ্রহণের দায়িত্বে নিয়োজিত ছিল এবং সম্প্রতি তাদের প্রতিবেদন দাখিলের মাধ্যমে কাজ সম্পন্ন করেছে। উপদেষ্টা পদমর্যাদায় বিশেষ সহকারী হিসেবে নিযুক্ত হওয়া ড. আলী রীয়াজের দায়িত্ব আগামী দিনগুলোতে অন্তর্বর্তী সরকারের প্রশাসনিক ও নীতি-নির্ধারণী কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## মার্কিন হামলা ঠেকাতে প্রস্তুত ভেনেজুয়েলা

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলা সম্ভাব্য মার্কিন আগ্রাসন ঠেকাতে প্রস্তুতি সম্পূর্ণ করেছে। দেশটির প্রতিরক্ষামন্ত্রী ভ্লাদিমির পাদ্রিনো মঙ্গলবার এক বিবৃতিতে এ তথ্য জানান। খবর দিয়েছে আল জাজিরা। ভেনেজুয়েলার উপকূলে সম্প্রতি মার্কিন রণতরি মোতায়েন এবং ওই অঞ্চলে একের পর এক নৌযানে উপস্থিতির পর দুই দেশের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে। এ পরিস্থিতিতে ভেনেজুয়েলার সরকার জানিয়েছে, তারা যে কোনো সম্ভাব্য মার্কিন হামলা প্রতিরোধে তাদের সশস্ত্র বাহিনীকে সর্বদা প্রস্তুত রেখেছে। প্রতিরক্ষামন্ত্রীর বিবৃতিতে বলা হয়েছে, ভেনেজুয়েলা স্থল, আকাশ ও নৌপথে সেনা ও ক্ষেপণাস্ত্র পরিচালনা বাহিনীকে মোতায়েন করেছে। পাশাপাশি পুলিশ, মিলিশিয়া এবং সাধারণ নাগরিকদের নিয়ে গঠিত বাহিনীগুলোও প্রস্তুত অবস্থায় থাকবে। যুক্তরাষ্ট্রের বিমানবাহী রণতরি জেরাল্ড ফোর্ড সম্প্রতি লাতিন আমেরিকা অঞ্চলে প্রবেশ করায় উত্তেজনা আরও বৃদ্ধি পেয়েছে। গুঞ্জন রয়েছে, যুক্তরাষ্ট্র দীর্ঘদিনের শত্রু ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলা মাদুরো সরকারকে উৎখাতের উদ্দেশ্যে সামরিক পদক্ষেপ করতে পারে। বিশ্লেষকরা মনে করছেন, বর্তমান উত্তেজনাপূর্ণ পরিস্থিতি দুই দেশের মধ্যে কূটনৈতিক চাপ ও সামরিক প্রস্তুতির সমন্বয়কে কেন্দ্র করে বিশ্ব রাজনীতিতে নতুন আলোচনার জন্ম দিতে পারে।

## সংবিধান সংশোধন করে সেনাপ্রধানের ক্ষমতা বাড়ালো পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের পার্লামেন্ট সংবিধান সংশোধন করে সেনাপ্রধান আসিম মুনীরের ক্ষমতা আরও বৃদ্ধি করেছে, তবে ক্ষমতা সীমিত রাখা হয়েছে সুপ্রিম কোর্টের। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) জাতীয় পরিষদে দুই-তৃতীয়াংশের বেশি ভোটে সংশোধনী বিল পাস হয়। এই সংশোধনের মাধ্যমে সেনাপ্রধান আজীবন দায়মুক্তি পাচ্ছেন এবং নতুন পদ 'চিফ অব ডিফেন্স ফোর্সেস'-এর দায়িত্ব পাবেন। এতে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী–ধষষ তিন বাহিনী তার অধীনে থাকবে। দায়িত্ব শেষ হওয়ার পরও তিনি পদমর্যাদা ও আইনি দায়মুক্তি বজায় রাখবেন। প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ সংসদে বলেছিলেন, "আমরা সংবিধানে যা যুক্ত করেছি, তা শুধু ফিল্ড মার্শালের বিষয় নয়; এতে বিমান ও নৌবাহিনীকেও স্বীকৃতি দেওয়া হয়েছে। জাতি তাদের নায়কদের সম্মান জানাতে জানে, আমরাও জানি কীভাবে সেই সম্মান অর্জন করতে হয়।" বৃহস্পতিবার জাতীয় পরিষদে মাত্র চারজন সদস্য বিলের বিরোধিতা করেন। এর আগে সোমবার সিনেটে বিরোধী দলের বয়কটের মধ্যেই বিল অনুমোদিত হয়। সাধারণত সংবিধান সংশোধনের জন্য মাসের পর মাস লাগে, তবে এবার দ্রুত পাস হওয়ায় রাজনৈতিক বিশ্লেষকরা উদ্বিগ্ন। নতুন সংশোধনীর আওতায় সাংবিধানিক মামলার বিচার সুপ্রিম কোর্টের বদলে নতুন কেন্দ্রীয় আদালতের মাধ্যমে হবে। বিরোধী দল পিটিআই সংসদে অংশ না নিয়ে বেরিয়ে যায়। দলটির মুখপাত্র জুলফিকার বুখারি অভিযোগ করেন, কোনো পরামর্শ ছাড়াই সরকার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে এবং দেশকে 'ব্যানানা রিপাবলিক'-এ পরিণত করছে।

আইন বিশেষজ্ঞরা সতর্ক করে বলছেন, এই পরিবর্তন বিচার বিভাগের স্বাধীনতাকে গভীর সংকটে ফেলবে। সংবিধানবিদরা মনে করছেন, প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট নতুন আদালতে বিচারক নিয়োগের ক্ষমতা পাবে, ফলে সরকারের ওপর আদালতের নজরদারি কার্যত শেষ হবে।

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ বিজ্ঞপ্তি

গত ১১ ভেম্বর দৈনিক সূর্যোদ্বয় পত্রিকায় "মাকে প্রতরণা করে সম্পত্তি লিখে নেওয়ার অভিযোগ" শিরোনামে প্রকাশিত সংবাদটি অসত্য ও উদ্দেশ্যপ্রণোদিত। আমি মুহাম্মদ আলমগীর হোসেন, সহকারী শিক্ষক (ইংরেজি), হাতিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়, মেহেরপুর সদর, মেহেরপুর জেলা। আমি স্পষ্টভাবে জানাচ্ছি যে– আমার মা জাহানারা বেগম সম্পূর্ণ স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে ও স্বেচ্ছায় নিজ নামে মালিকানাধীন সম্পত্তি আমার দুই নাবালক পুত্র মুহাম্মদ আশিক আলমগীর ও মুহাম্মদ আবরার আলমগীরের অনুকূলে ২০২৫ সালের ০৪ ফেব্রুয়ারি ৭৬৩/২০২৫ নং দলিলের মাধ্যমে দান (হেবা) প্রদান করেছেন। এ হেবা দলিলটি সাব-রেজিস্ট্রারের উপস্থিতিতেই যথাযথভাবে সম্পন্ন হয়। এছাড়াও আমার পিতা মরহুম বেলায়েত হোসেন জীবিত অবস্থায় ২০২০ সালের ২৮ আগষ্ট তারিখে ৩৪৭৫ নং দলিলের মাধ্যমে সম্পূর্ণ স্বেচ্ছায় ও স্বজ্ঞানে ১.৬৫ একর জমি আমার নামে হেবা রেজিস্ট্রি করেন। তিনি ২০২২সালের ০৪ জুলাই তারিখে মৃত্যুবরণ করেন। অতএব, কারও সাজিয়ে বা প্রতারণায় রেজিস্ট্রি করার অভিযোগ সম্পূর্ণ অসত্য ও মানহানিকর। বিষয়টি জানতে পেরে আমার সহোদর ভাই ও বোন– ১. মোঃ জাহাঙ্গীর আলম, ২. মোছাঃ মেরিনা আক্তার, ৩. মোছাঃ শেফালী পারভীন। আমার মাকে জোরপূর্বক তাদের বাড়িতে নিয়ে গিয়ে গৃহবন্দি করে ভয়ভীতি প্রদর্শন করে ২০২৫ সালের জুলায়ের ২০ তারিখে ৪৩১৫, ৪৩১৬ ও ৪৩১৭ নং দলিলের মাধ্যমে জোরপূর্বক ৪.৫ বিঘা সম্পত্তি তাদের নিজেদের নামে রেজিস্ট্রি করে নেন– যা সম্পূর্ণ বেআইনি ও প্রতারণাপূর্ণভাবে সংঘটিত হয়েছে। আমার নামে প্রকাশিত সংবাদটি তাদের ষড়যন্ত্রের অংশ মাত্র। তারা আমার সুনাম ক্ষুণ্ন করার উদ্দেশ্যে বিভিন্ন মামলা-মোকদ্দমা ও ভুয়া সংবাদ প্রকাশ করে আমার বিরুদ্ধে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে। আমি উক্ত মিথ্যা ও বিভ্রান্তিকর সংবাদের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছি এবং প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ন্যায়বিচার ও সুষ্ঠু তদন্ত কামনা করছি।

মুহাঃ আলমগীর হোসেন
সহকারী শিক্ষক (ইংরেজি)
হাতিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়
উপজেলা ও জেলা: মেহেরপুর